



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০০৬.২৩.৮৩০

২১ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ০৬ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: এমপিওভুক্তকরণ সংক্রান্ত।

সূত্র: ১। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.০০১.০০৩.২০১৫-১৮৫; তারিখ: ০৭/০৯/২০২৩খ্রি.

২। জুলাই/২০২৩ মাসের এমপিও সভার স্মারক নং-৩৭.০২.০০০০.১০৭.৯৯.২৬৭.২০২২(অংশ-১)-১৮৩৯; তারিখ: ২৩/০৮/২০২৩খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চাঁদপুর জেলার শাহরাস্তি উপজেলাধীন চিতোষী ডিগ্রি কলেজ এর অধ্যক্ষ জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন ভূঁইয়া ১৭/১২/২০২২ তারিখ যোগদন করায় পূর্বতন কলেজ চাঁদপুর জেলার হাজীগঞ্জ উপজেলাধীন নাসিরকোট শহীদ স্মৃতি ডিগ্রি কলেজ থেকে এমপিও স্থানান্তরের বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষা মন্ত্রণালয় হতে অনুরোধ করা হয়েছে।

উল্লিখিত বিষয়ে মাউশি অধিদপ্তরের জুলাই/২০২৩ মাসের এমপিও সভার সিদ্ধান্তের জন্য নথি উপস্থাপন করা হয়। এমপিও কমিটির সুপারিশ নিম্নরূপ: জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন ভূঁইয়া এর আধ্যক্ষ হিসেবে নিয়োগকালীন ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বে কর্মরত উপাধ্যক্ষ জনাব মো: কামরুল হাসান চৌধুরী কে না দিয়ে কলেজের সহকারী অধ্যাপক জনাব কামরুন নাহারকে প্রদান করায় জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন ভূঁইয়া-এর নিয়োগ জনবল কাঠামো অনুযায়ী যথাযথ না হওয়ায় অধ্যক্ষ জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন ভূঁইয়া-এর এমপিওভুক্তির সুযোগ নেই এবং উপাধ্যক্ষ বর্তমান থাকা অবস্থায় কেন সহকারী অধ্যাপক জনাব কামরুন নাহার ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বে থেকে অধ্যক্ষ নিয়োগের কার্যক্রম পরিচালনা করেছেন এ বিষয়ে জনাব কামরুন নাহারকে কারণ ব্যাখ্যা করণের জন্য পত্র দেয়া হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে এমপিও কমিটির সুপারিশের প্রেক্ষিতে (ক) জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন ভূঁইয়া এর এমপিওভুক্তির সুযোগ নাই (খ) একই বিষয়ে ৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে ব্যাখ্যা প্রদানের জন্য জনাব কামরুন নাহার সহকারী অধ্যাপক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি) কে এবং একই বিষয়ে একই সময়ের মধ্যে মতামত প্রদানের জন্য গভর্নিং বডি'র সভাপতিকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৬-১১-২০২৩

তপন কুমার দাস

সহকারী পরিচালক

০২-৯৫৫৬০৫৭

ncollege@dshe.gov.bd

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, চিতোষী ডিগ্রি কলেজ, শাহরাস্তি, চাঁদপুর (মতামত প্রদানের অনুরোধসহ) এবং
- ২। জনাব কামরুন নাহার সহকারী অধ্যাপক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), চিতোষী ডিগ্রি কলেজ, শাহরাস্তি, চাঁদপুর (ব্যাখ্যা প্রদানের অনুরোধসহ)।

স্মারক নম্বর:

২১ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ০৬ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা;

- ২। জেলা শিক্ষা অফিসার, চাঁদপুর (পত্রটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা ব্যক্তিকে পৌছানোর অনুরোধসহ);
৩। জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন ভূঁইয়া, অধ্যক্ষ, চিতৌষী ডিগ্রি কলেজ, শাহরাস্তি, চাঁদপুর এবং
৪। সংরক্ষন নথি।



A handwritten signature in black ink, appearing to read 'Tapan Kumar Das'.

০৬-১১-২০২৩

তপন কুমার দাস
সহকারী পরিচালক